

এমপিওভুক্ত করার পরিকল্পনা সরকারের আছে: শিক্ষামন্ত্রী

সংবাদ বিপোর্টার

শিক্ষামন্ত্রী মুকুল ইসলাম নবীন বলেন, আগামী অর্ধবছরে নীতিমূল্যে আগেকের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্ত করার পরিকল্পনা সরকারের রয়েছে। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে এমপিওভুক্তির ক্ষেত্রে ১৯৯৫ সালের জনবল কাঠামো অনুসরণ করা হবে।

বিএনপির জয়নাম আব্দুল নবীর এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী নোব্বার জাতীয় সংসদে প্রশ্নোত্তর পর্বে একথা বলেন।

আওয়ামী লীগের গিয়াদউদ্দিন আহমেদের এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী বলেন, বর্তমানে প্রাথমিক শিক্ষা পর্যায়ে ১০ ক্যাটাগরির বিদ্যালয়ে পাঠদান করা হয়ে থাকে। এর মধ্যে সরকারি শিক্ষা প্রতিষ্ঠানগুলোয় এনসিটিবি প্রণীত কারিকুলাম অনুযায়ী পাঠদান করা হয়।

রেজিস্ট্রেশনপ্রাপ্ত কিন্ডারগার্টেন বিদ্যালয়গুলো এনসিটিবির নির্ধারিত কারিকুলাম অনুসরণ করে এবং এর প্রতিষ্ঠিত দ্বি-নিত কিশু বইও পড়িয়ে থাকে। রেজিস্ট্রেশনবিহীন কিন্ডারগার্টেন এবং অন্যান্য ক্যাটাগরির বিদ্যালয়গুলো তাদের নিজস্ব কারিকুলাম অনুযায়ী পাঠদান করে থাকে। এসব ভিন্ন ভিন্ন শিক্ষা পদ্ধতিতে একীভূত করার বিষয়ে সরকার কাজ করে যাচ্ছে।